আমরা জনগণের পক্ষে

দেশের সর্বাধিক
প্রচারিত দৈনিক

বাংলাদেশ প্রতিদিন

দ্বিতীয় সংস্করণ
সোমবার

বর্ষ ৬ সংখ্যা ১৫৭ ■ ঢাকা ■ ২৪ আগস্ট ২০১৫ ■ ৯ ভাদ্র ১৪২২ ■ ৮ জিলকদ ১৪৩৬ ■ ১২ পৃষ্ঠা ৫ টাকা

লন্ডন সফরে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষার জন্য গতকাল সকালে লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। রাষ্ট্রপতিকে বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের একটি বিমান সকাল সোয়া ১০টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, কূটনৈতিক কোরের ডিন, কেবিনেট সচিব, তিন বাহিনীর প্রধানগণ এবং উচ্চপদস্থ

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

বিচারহীনতায় বাড়ছে বিচারবহির্ভূত হত্যা

আইন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেনগুপ্ত বলেছেন, বিচার বিভাগকে পেছনে ফেলে মধ্যম আয়ের দেশে উন্নীত হতে পারবেন না। বিচারহীনতার কারণেই বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ঘটছে। কোনো সভ্য দেশে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড চলতে পারে না। এগুলো থেকে বেরিয়ে আসতে এবং আইনের শাসন প্রতিষ্ঠা করতে হলে বিচারব্যবস্থার আধুনিকায়ন

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

ঢাকা মেডিকেলে কারাবন্দী আমান

গুরুতর অসুস্থ কারাবন্দী বিএনপির যুগ্ম-মহাসচিব আমানউল্লাহ আমানকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাত সাড়ে ৮টার দিকে তাকে বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় হাসপাতাল থেকে ঢাকা মেডিকেলে নিয়ে আসা হয়। এর আগে দুপুর ১টায় ঢাকা কেন্দ্রীয় কারাগারে মাথা ঘুরে পড়ে গেলে জরুরিভাবে তাকে একটি অ্যাম্বুলেন্সে করে বঙ্গবন্ধু মেডিকেলে নিয়ে যাওয়া হয়।

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

www.bd-pratidin.com www.facebook.com/TheBangladeshPratidin www.twitter.com/bdpratidin www.bd-pratidin.com/epaper

অষ্টম কলাম

হার্ডিঞ্জ সেতুতে ট্রেন চলবে আর ২৫ বছর

এস এ আসাদ, পাবনা

ব্রিটিশ স্থাপত্যের অনন্য শৈলী শতবর্ষী হার্ডিঞ্জ সেতুতে আরও অন্তত ২৫ বছর নির্বিঘ্নে ট্রেন চলাচল করতে পারবে। গতকাল দুপুরে পাবনার পাকশীর পদ্মা নদীর ওপর স্থাপিত হার্ডিঞ্জ সেতু পরিদর্শন করে এমন মন্তব্য করেছেন দেশি-বিদেশি উচ্চপর্যায়ের একটি বিশেষজ্ঞ পরিদর্শক দল। এ পরিদর্শক দলে বাংলাদেশ, ভারত, জাপান, হাঙ্গেরি ও স্পেনের ৪০ জন বিশেষজ্ঞ প্রকৌশলীসহ রেলওয়ের উর্ধ্বতন কর্মকর্তারা ছিলেন। তারা হার্ডিঞ্জ ব্রিজ স্পেশাল ট্রেনে ঢাকা থেকে গতকাল দুপুর ১টার দিকে পাকশী হার্ডিঞ্জ ব্রিজ সংলগ্ন পাকশী রেলওয়ে স্টেশনে আসেন। পরে তারা স্থানীয় সড়ক ও জনপথ বিভাগের গেস্ট হাউস মিলনায়তনে সেতুটির শুরুকালীন সময় থেকে

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৬

হার্ডিঞ্জ সেতুতে

[পেছনের পৃষ্ঠার পর] বর্তমান অবস্থা সম্পর্কিত বিবরণ তুলে ধরেন। অনুষ্ঠানে রেলওয়ের মহাব্যবস্থাপক আমজাদ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষাবিদ ও প্রকৌশলী অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। তিনি বলেন, শতবর্ষী পাকশী হার্ডিঞ্জ ব্রিজকে টিকিয়ে রাখতে হলে এর আশপাশে পদ্মা নদী থেকে বালু উত্তোলন বন্ধ করতে হবে। তা না হলে আগামী ২৫ বছরের আগেই সেতুটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধের সময় হার্ডিঞ্জ ব্রিজের ভেঙে পড়া ১২ নম্বর স্প্যান নির্মাণে কর্মরত ভারতীয় প্রকৌশলী ড. অমিতাভ ঘোষাল, পশ্চিমাঞ্চল রেলওয়ের প্রধান প্রকৌশলী মাহাবুবুর রহমান বকশী, সেতু বিশেষজ্ঞ প্রকৌশলী সাইফুল আমীন, ড. আজাদুর রহমান, ড. তৌফিক আনোয়ার, ড. আবদুর রউফ, মহাব্যবস্থাপক খায়রুল আলম, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক আফজাল হোসেন, ঈশ্বরদী উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল ইসলাম সেলিম প্রমুখ।